দৈনিক বাংলা

তারিখ 25 DEC 1993

পৃঃ ৭ ... কলাম ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

# জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৯৪

সময়সূচী ঃ

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ২–৩রা জানুয়ারী '৯৪ |
| থানা পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ৬–৮ই জানুয়ারী '৯৪ |
| জেলা পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ১১–১৩ই জানুয়ারী '৯৪ |
| বিভাগীয় পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ১৭–১৯শে জানুয়ারী '৯৪ |
| জাতীয় পর্যায়ের অনুষ্ঠান | ঃ | ২৫–২৭শে জানুয়ারী '৯৪ |

প্রতিযোগিতার বিষয় ঃ ১। ক্বেরাত ২। হামদ–নাত ৩। বাংলা কবিতা আবৃত্তি (স্বনির্বাচিত) ৪। উপস্থিত বক্তৃতা ৫। নির্ধারিত বক্তৃতা (বিষয় ঃ কর্মমুখী শিক্ষা) ৬। দেশাত্মবোধক গান ৭। রবীন্দ্র সংগীত ৮। নজরুল সংগীত ৯। লোকগীতি ১০। তাৎক্ষণিক অভিনয় ১১। আধুনিক নৃত্য ও ১২। লোক নৃত্য।

প্রতিযোগিতার গ্রুপ ঃ ক গ্রুপ ঃ ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী
খ গ্রুপ ঃ একাদশ থেকে তদূর্ধ্ব শ্রেণী (কলেজ পর্যায়)

শিক্ষা সপ্তাহ '৯৪ উপলক্ষে থানা নির্বাহী অফিসারকে প্রধান করে থানা কমিটি, জেলা প্রশাসককে প্রধান করে জেলা কমিটি এবং বিভাগীয় কমিশনারকে প্রধান করে বিভাগীয় কমিটি গঠন করা হয়েছে।

শিক্ষা সম্মেলন ঃ

থানা পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত শিক্ষা সম্মেলনের আয়োজন করতে হবে। এ জন্য বাড়তি বরাদ্দ দেয়া হয়েছে। শিক্ষা সম্মেলনের আলোচ্য বিষয়বস্তু হবে "কর্মমুখী শিক্ষা"।

শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ঃ

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী দেশব্যাপী মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান থেকে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শ্রেষ্ঠ শিক্ষক–শিক্ষিকা নির্বাচন করা হবে।

পুরস্কার বিতরণ ঃ

জাতীয় পর্যায়ে চূড়ান্ত নির্বাচনে শ্রেষ্ঠ ছাত্র–ছাত্রী, শিক্ষক–শিক্ষিকা ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে পুরস্কৃত করা হবে।

—শিক্ষা মন্ত্রণালয়

ডিএফপি(স)–২১১৫৫–১৯/১২